# শেখ হাসিনা দেশে ফিরলেই ফাঁসির রায় কার্যকর: স্বরাষ্ট্রমন্ত্রী


স্বরাষ্ট্রমন্ত্রী সালাউদ্দিন আহমেদ। ছবি: সংগৃহীত

দেশে ফিরলে শেখ হাসিনার বিরুদ্ধে আদালতের রায় অনুযায়ী আইনগত ব্যবস্থা নেওয়া হবে বলে জানিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ। তিনি বলেন, প্রচলিত আইন ও আদালতের নির্দেশনা অনুযায়ী প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হবে।

মঙ্গলবার (১৪ জুলাই) জাতীয় সংসদে 'জুলাই গণঅভ্যুত্থান ও গণহত্যার বিচার' বিষয়ে সাধারণ আলোচনায় অংশ নিয়ে তিনি এসব কথা বলেন।

স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, জুলাইয়ের ঘটনাগুলোর বিচার সম্পন্ন করতে সরকার প্রতিশ্রুতিবদ্ধ। বিচার প্রক্রিয়া দ্রুত ও কার্যকরভাবে এগিয়ে নিতে প্রয়োজন অনুযায়ী ট্রাইব্যুনালের সংখ্যা বৃদ্ধি, অতিরিক্ত প্রসিকিউটর নিয়োগ, তদন্ত কর্মকর্তা বৃদ্ধি এবং প্রয়োজনীয় লজিস্টিক সহায়তা নিশ্চিত করা হবে।

আওয়ামী লীগের দলগত বিচার প্রসঙ্গে তিনি বলেন, এ বিষয়ে দীর্ঘদিন ধরেই রাজনৈতিক দাবি ছিল। পরবর্তীতে আইনের প্রয়োজনীয় সংশোধনের মাধ্যমে সংগঠন বা দলের বিরুদ্ধে বিচার কার্যক্রম পরিচালনার আইনি ভিত্তিও তৈরি হয়েছে।

LENS ASIA

তিনি আরও জানান, বিদ্যমান প্রত্যর্পণ চুক্তির আওতায় শেখ হাসিনাকে দেশে ফিরিয়ে আনার প্রচেষ্টা অব্যাহত রয়েছে। দেশে প্রত্যাবর্তনের পর আদালতের নির্দেশনা অনুযায়ী পরবর্তী আইনগত প্রক্রিয়া সম্পন্ন করা হবে।

উল্লেখ্য, ২০২৪ সালের গণঅভ্যুত্থানের পর শেখ হাসিনা দেশ ত্যাগ করে ভারতে অবস্থান করছেন। এর মধ্যে মানবতাবিরোধী অপরাধের একটি মামলায় আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল তার বিরুদ্ধে রায় ঘোষণা করেছে।

সম্প্রতি আন্তর্জাতিক সংবাদ সংস্থা রয়টার্সকে দেওয়া এক সাক্ষাৎকারে শেখ হাসিনা জানান, তিনি চলতি বছরের ডিসেম্বরের দিকে দেশে ফেরার পরিকল্পনা করছেন। দেশে ফিরে আদালতে আত্মসমর্পণের ইচ্ছার কথাও ওই সাক্ষাৎকারে উল্লেখ করেন তিনি।